



[🏠](#) [খবর](#) [অর্থ-উন্নয়ন](#) [ফিচার](#) [মত-দ্বিমত](#) [খেলা](#) [বিনোদন](#) [লাইফস্টাইল](#) [সাহিত্য](#) [পরবাস](#)  
[ছবি](#) [ভিডিও](#) [কার্টুন](#)

## ঢাকায় আইসিপিসি'র প্রোগ্রামিং প্রতিযোগিতা ৭ ডিসেম্বর

সিনিয়র কoresপন্ডেন্ট

২৪ নভেম্বর ২০২৪ ১৭:২০

3  
Shares



বিজ্ঞাপন

### সর্বশেষ

রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শনে আইসিসি প্রধান

২৬ নভেম্বর ২০২৪ ১৮:০৬

'হাবুর স্কলারশিপ'র নতুন মাইলফলক

২৬ নভেম্বর ২০২৪ ১৮:০১

কিশোরদের অপরাধপ্রবণতা থামানো জরুরী

২৬ নভেম্বর ২০২৪ ১৭:৫৯

দেশজুড়ে নৈরাজ্যের নানামুখী অপচেষ্টা, রুখবে কে?

২৬ নভেম্বর ২০২৪ ১৭:৪২

ঢাকা: ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সার্বিক তত্ত্বাবধানে ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (আইসিপিসি) ঢাকা আঞ্চলিক পর্ব ৭ ডিসেম্বর শুরু হবে। সাভারের ড্যাফোডিল স্মার্ট সিটি ক্যাম্পাসের স্বাধীনতা সম্মেলন কেন্দ্রে সকাল ৮টা থেকে রাত ৯টা পর্যন্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

রোববার (২৪ নভেম্বর) সকালে রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে ঢাকা আঞ্চলিক আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৪ এর আয়োজন নিয়ে মিট দ্যা প্রেসে এসব তথ্য তুলে ধরেন আয়োজকরা।



অর্থ-উন্নয়ন

কার্টুন

আরো

বিজ্ঞাপন

ঢাকা আঞ্চলিক আইসিসিসি-২০২৪ এর অংশগ্রহণকারী ৩০৮টি দল নিয়ে বর্তমান বিশ্বে সবচেয়ে বড় অনসাইট প্রোগ্রামিং প্রতিযোগিতার মর্যাদা অর্জন করেছে।

প্রিলিমিনারি রাউন্ডে বাংলাদেশের ১৪৮টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন আইটি ইনস্টিটিউটের ২ হাজার ৪৮৯টি দল অংশগ্রহণ করে। এবারের প্রতিযোগিতাটিতে প্রধান বিচারকের ভূমিকায় থাকবেন শাহরিয়ার মনজুর।

মিট দ্যা প্রেসে প্রতিযোগিতায় নানা দিক তুলে ধরেন আইসিপিসি ঢাকা আঞ্চলিক আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা'র আঞ্চলিক পরিচালক এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. সৈয়দ আখতার হোসেন। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ড. নাদির বিন আলী। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সহকারী অধ্যাপক ও ডেপুটি আঞ্চলিক পরিচালক সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক জাহাঙ্গীর আলম ও প্রভাষক ফেরদৌস আহমেদ ফয়সাল।

উপস্থিত ছিলেন বাংলাদেশ আইসিপিসি কাউন্সিলের সদস্য অধ্যাপক আবুল লাইস এম এস হক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ম্যানেজার (সিস্টেমস) গোলাম রববানী, ডাচবাংলা ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয়ের ডি এম ডি শাহ আলম পাটোয়ারীসহ অন্যান্য কর্মকর্তারা।

বিজ্ঞাপন

আয়োজকরা জানান, আইসিপিসি ফাউন্ডেশন পরিচালিত ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেন্ট (আইসিপিসি) বিশ্বব্যাপী শিক্ষার্থীদের জন্য প্রোগ্রামিং দক্ষতা, দলগত

## সম্পর্কিত খবর



২৫ বছর পর  
বান্দরবানে নৌকা  
বাইচ অনুষ্ঠিত



রাবিতে আন্তর্গবিভাগ  
ফুটবল প্রতিযোগিতা  
শুরু আজ



মানুষের জীবনে  
খেলাধুলা গুরুত্বপূর্ণ:  
মাশরাফি



'বাংলাদেশ নিয়ে  
পশ্চিমাদের সঙ্গে  
প্রতিযোগিতা করছে  
না রাশিয়া'



অর্থ-উন্নয়ন

কার্টুন

অংশগ্রহণের সুযোগ পাবে।

আয়োজকরা জানান, ঢাকা আঞ্চলিক আইসিসিসি-২০২৪'র অংশগ্রহণকারী ৩০৮টি দল নিয়ে বর্তমান বিশ্বে সবচেয়ে বড় অনসাইট প্রোগ্রামিং প্রতিযোগিতার মর্যাদা অর্জন করেছে। প্রিলিমিনারি রাউন্ডে বাংলাদেশের ১৪৮টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন আইটি ইনস্টিটিউটের ২৪৮১টি দল অংশগ্রহণ করে। এই রাউন্ডের ফলাফলের ভিত্তিতে এবং অতীতের সাফল্য ও পারফরম্যান্স বিবেচনার এই দলগুলো নির্বাচিত হয়েছে।

ডাচবাংলা ব্যাংক লিমিটেড প্লাটিনাম স্পন্সর হিসাবে এবারের প্রতিযোগিতায় পৃষ্ঠপোষকতা করছে। এছাড়া বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে কারিগরি সহযোগিতা প্রদান করবে।

আয়োজকরা বলেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং সহযোগী প্রতিষ্ঠানগুলোর প্রচেষ্টায় এবছরের প্রতিযোগিতা শুধু প্রযুক্তি শিক্ষার্থীদের জন্য নয় বরং দেশের আইটি খাতের সামগ্রিক অগ্রগতির জন্য একটি মাইলফলক হিসেবে বিবেচিত হবে।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষার্থীদের নিয়ে বিশ্বের প্রাচীনতম, বৃহত্তম এবং সবচেয়ে মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা হলো ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেন্ট (আইসিপিসি)। দলভিত্তিক এই আঞ্চলিক প্রতিযোগিতায় প্রতিটি দল থেকে মোট তিনজন শিক্ষার্থী অংশ নিয়ে থাকে। বৈশ্বিক প্রতিযোগিতার অংশ হিসেবে ১৯৮৮ সাল থেকে বাংলাদেশ আইসিপিসিতে অংশ নিয়ে আসছে।

সারাবাংলা/এনআর/এসআর

আইসিপিসি ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা

Sarabangla.net is a multimedia platform for news, views and entertainment from Bangladesh. We are committed to bringing a futuristic approach to journalism through writing, making and display. Sarabangla.net delivers the latest breaking news and top stories across politics, business, entertainment, sport, innovation, travel, food, life and others.

কর্পোরেট ও সম্পাদকীয়  
অফিস:

এস এন সেন্টার

প্লট: আই/১৫-১৮, রোড:

০৬, ব্লক: ডি



অর্থ-উন্নয়ন

কার্টুন